

## ■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৯৫

ভূমিকা পর্ব (المقدمة)

পরিচ্ছেদঃ ১১. আবু বকর সিদ্দীক (রাঃ)-এর সম্মান

بَابِ فَضْلِ أَبِي بَكْرٍ الصِّدِّيقِ رَضِيَ اللَّهُ عَنْهُ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الْحَسَنِ بْنِ عُمَارَةَ، عَنْ فِرَاسٍ، عَنِ الشَّعْبِيِّ،  
عَنِ الْحَارِثِ، عَنْ عَلَىٰ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - "أَبُو بَكْرٍ وَعُمَرُ  
سَيِّدَا كُهُولِ أَهْلِ الْجَنَّةِ مِنَ الْأَوَّلِينَ وَالآخِرِينَ إِلَّا النَّبِيِّنَ وَالْمُرْسَلِينَ لَا تُخْبِرْهُمَا يَا عَلَيِّ  
مَا دَامَا حَيَّيْنِ".

বাংলা

৩/৯৫। আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আবু বকর ও  
উমার নবী-রাসূলগণ ব্যতীত পূর্বাপর (সর্বকালের) সকল বয়স্ক জাগ্নাতীর নেতা হবে। হে আলী! তাদের জীবন্দশায়  
তুমি তা তাদেরকে অবহিত করো না।

## English

It was narrated that 'Ali said:

"The Messenger of Allah said: 'Abu Bakr and 'Umar are the leaders of the mature people of Paradise, and the first and the last, except for the Prophets and Messengers, but do not tell them about that, O 'Ali, as long as they are still alive.'"

ফুটনোট

তাখরীজ কুতুবুত সিতাহ: তিরমিয়ী ৩৬৬৫-৬৬, আহমাদ ৬০৩।

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহাহ ৮২৪। উক্ত হাদিসের রাবী ১. হাসান বিন উমারাহ সম্পর্কে  
শু'বাহ ইবনুল হাজাজ বলেন, তিনি মিথ্যা কথা বলেন। আহমাদ বিন হাস্বল ও আবু হাতীম আর-রায়ী এবং

মুসলিম ইবনুল হাজাজ বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। ২. ফিরাস সম্পর্কে ইয়াহইয়া বিন মাউন, আহমাদ বিন হাস্বল ও ইমাম নাসাই বলেন তিনি সিকাহ। ইয়াকুব বিন শায়বাহ বলেন, তিনি সিকাহ কিন্তু তার হাদিসে দুর্বলতা রয়েছে। ইবনু হিবান বলেন তিনি মুতকিন। ৩. হারিস (বিন আব্দুল্লাহ) সম্পর্কে ইয়াহইয়া বিন মাউন ও আহমাদ বিন সালিহ আল মিসরী বলেন, তিনি সিকাহ। ইমাম নাসাই বলেন, কোন সমস্যা নেই। আলী ইবনুল মাদীনী তাকে মিথ্যক বলেছেন। আবু যুরআহ আর-রায়ী বলেন, তার হাদিস থেকে দলীল গ্রহণযোগ্য নয়। আবু হাতীম আর-রায়ী বলেন, হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। হাদিসটির শতাধিক শাহিদ হাদিস রয়েছে। তন্মধ্যে তিরমিযিতে ৩ টি, ইবনু মাজাহ ২ টি, আহাদীসুল মুখতার ৫ টি ও বাকীগুলো অন্যান্য কিতাবে রয়েছে। সুতরাং সহীহ শাহিদ এর ভিত্তিতে হাদিসটি সহীহ।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=9805>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন